



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

www.nctb.gov.bd



পত্র নং: ৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২৪/ ০৮৬

তারিখ: ০৬/০৩/২০২৪খ্রি.

বিষয়: ২০২৫ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তকের চাহিদা অনলাইনে দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আপনাকে অবগত করা যাচ্ছে যে, দেশের সকল শিক্ষার্থীর মাঝে ২০২৫ শিক্ষাবর্ষের বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণপূর্বক ১ জানুয়ারি ২০২৫ এর মধ্যে সরবরাহের বিষয়টি সরকারের একটি অগ্রাধিকারভুক্ত ও জনগুরুত্বপূর্ণ কার্যক্রম। উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রতি শিক্ষাবর্ষে পাঠ্যপুস্তকের চাহিদা প্রদান থেকে শুরু করে পাঠ্যপুস্তক শিক্ষার্থীদের হাতে পৌঁছানো পর্যন্ত মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি) এর আওতাধীন সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস নিরলসভাবে সহযোগিতা প্রদান করে থাকে। অন্যান্য বছরের ন্যায় ২০২৫ শিক্ষাবর্ষে বিভিন্ন স্তরের পাঠ্যপুস্তকের চাহিদা সকল শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহপূর্বক নিচে বর্ণিত সময়সীমার মধ্যে নতুন প্রস্তুতকৃত ওয়েব এপ্লিকেশনে দাখিল/অনুমোদনপূর্বক পরবর্তী উর্ধ্বতন মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার অফিসে প্রেরণের জন্য সকল জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

চাহিদা অনলাইনে দাখিল ও অনুমোদনের সময়সীমা

মাধ্যমিক শিক্ষা অফিস	উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস	জেলা মাধ্যমিক শিক্ষা অফিস	উপ- পরিচালক (মাধ্যমিক) এর অফিস
	www.nctb.gov.bd ↓ আইসিটি মেনু ↓ ডিজিটাইজেশন ↓ পাঠ্যপুস্তকের চাহিদা গ্রহণ/বিতরণ সিস্টেম	www.nctb.gov.bd ↓ আইসিটি মেনু ↓ ডিজিটাইজেশন ↓ পাঠ্যপুস্তকের চাহিদা গ্রহণ/বিতরণ সিস্টেম	www.nctb.gov.bd ↓ আইসিটি মেনু ↓ ডিজিটাইজেশন ↓ পাঠ্যপুস্তকের চাহিদা গ্রহণ/বিতরণ সিস্টেম
চাহিদা দাখিলের পদ্ধতি			
চাহিদা প্রেরণের সময়সীমা	০৪/০৩/২০২৪ হতে ১১/০৩/২০২৪ তারিখ	১৩/০৩/২০২৪ তারিখ	১৮/০৩/২০২৪ তারিখ

চাহিদা দাখিলের জন্য নিচের বিষয়গুলো বিশেষ গুরুত্বের সাথে বিবেচনার জন্য অনুরোধ করা হলো

- মাধ্যমিক শিক্ষা অফিস ব্যতীত অন্য কোন অফিসে বা এনসিটিবিতে হার্ড কপি অথবা অনলাইনে বা ইমেইলে চাহিদার সফটকপি প্রেরণের প্রয়োজন নেই। চাহিদা সংক্রান্ত এনসিটিবি কর্তৃক যে কোন নোটিশ/অফিস আদেশ/পত্র এনসিটিবি'র ওয়েবসাইটে (www.nctb.gov.bd) অবশ্যই যাচাই করে নেওয়ার অনুরোধ করা হলো।
- কোন অবস্থায় প্রয়োজনের অতিরিক্ত চাহিদা প্রেরণ করা যাবেনা। ২০২৪ শিক্ষাবর্ষে আপনার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের জন্য যে পরিমাণ পাঠ্যপুস্তকের চাহিদা প্রদান করা হয়েছিল তার বিপরীতে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহকৃত ও উদ্বৃত্ত পাঠ্যপুস্তকের হিসাব সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।
- ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহকৃত পাঠ্যপুস্তকের মধ্যে কী পরিমাণ পাঠ্যপুস্তক উদ্বৃত্ত রয়েছে তার হিসাব শিক্ষা প্রতিষ্ঠান হতে সংগ্রহ করতে হবে।
- প্রতি শিক্ষাবর্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ভর্তিকৃত ও শিক্ষা প্রতিষ্ঠানে উদ্বৃত্ত পাঠ্যপুস্তকের হিসাব খুব দ্রুত অনলাইনে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডে প্রেরণ করতে হবে।
- জেলা/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস এর ইউজার আইডি ও পাসওয়ার্ড এনসিটিবি থেকে প্রদান করা হবে। চাহিদা ইনপুট/ ইউজার আইডি পাসওয়ার্ড সংক্রান্ত কোনো ধরনের সমস্যা হলে এপ্লিকেশনের জরুরি যোগাযোগ লিংক এ ক্লিক করে সংশ্লিষ্ট জেলার জন্য দায়িত্বপ্রাপ্ত এনসিটিবির সহায়তাকারীর সহায়তা নেওয়ার অনুরোধ করা হলো। এছাড়া চাহিদা আপলোডের জন্য অনলাইনে ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা যথাযথভাবে অনুসরণের অনুরোধ করা হলো।

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
আব্দুল গনি রোড, শিক্ষা ভবন, ঢাকা

দৃষ্টি আকর্ষণ: পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(মোঃ মুনির হোসেন খান)

সদস্য (অর্থ)

ও

সদস্য (পাঠ্যপুস্তক), অ: দা:

ফোন: ২২৩৩-৮০৮০৫

ই-মেইল: membertext@nctb.gov.bd

স্মারক নং- ৩৭.০৬.০০০০.৩০৩.০৭.০০১.২৪/

০৮৬০০/২৪

তারিখ: ০৮/০৩/২০২৪ খ্রি.

সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (তালিকা জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১-৪. সদস্য (পাঠ্যপুস্তক/অর্থ/শিক্ষাক্রম/প্রাথমিক শিক্ষাক্রম), এনসিটিবি
৫. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি)
৬. সচিব, এনসিটিবি
- ৭-৮. বিতরণ নিয়ন্ত্রক/প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, এনসিটিবি
৯. উপ-পরিচালক (অঞ্চল)–(সকল)[জেলা শিক্ষা অফিসকে অবহিত করার অনুরোধসহ]
১০. প্রোগ্রামার (অ: দা:), এনসিটিবি (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
১১. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল) [উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসকে অবহিত করার অনুরোধসহ]
১২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)
১৩. পিএটু চেয়ারম্যান, এনসিটিবি
১৪. সংরক্ষণ নথি।

০৮/০৩/২০২৪

(মো: হাফিজুর রহমান)

বিতরণ নিয়ন্ত্রক

ফোন: ২২৩৩-৮৯০৩২